

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 17-11-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

NATIONAL PRESS DAY -C.M.

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সংবাদ মাধ্যমে তথ্যনিষ্ঠ ও সঠিক সংবাদ পরিবেশনের উপর গুরুত্ব আরোপ করেছেন। গতকাল জাতীয় সংবাদ মাধ্যম দিবস উপলক্ষে আগরতলার সুকান্ত একাডেমিতে রাজ্য সরকারের তথ্য সংস্কৃতি দপ্তর এবং আগরতলা প্রেস ক্লাবের যৌথ উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী একথা বলেন। মুখ্যমন্ত্রী, বিভিন্ন সামাজিক মাধ্যমে অসত্য ও ব্যক্তিগত কুৎসামূলক সংবাদ পরিবেশনে উদ্বেগ প্রকাশ করেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার সংবাদ মাধ্যমের স্বাধীনতাকে গুরুত্ব দেয়। অনুষ্ঠানে আলোচনায় অংশগ্রহণ করেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি অরিন্দম লোধ, তথ্য সংস্কৃতি সচিব ড: পি কে চক্রবর্তী, বিশিষ্ট সাংবাদিক মানস পাল, আগরতলা প্রেসক্লাবের সভাপতি প্রনব সরকার, বিশিষ্ট সাংবাদিক শাণিত দেবরায়া। অনুষ্ঠানে রাজ্যের দুই সাংবাদিক অনুপম ভট্টাচার্য ও প্রানময় সাহাকে সংবর্ধনা জানানো হয়। সংবর্ধনা হিসাবে মুখ্যমন্ত্রী তাদের হাতে ফলক, মানপত্র, ও নগদ অর্থ তুলে দেন।

I & B Minister:

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব এবং তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান গতকাল নতুন দিল্লিতে জাতীয় সংবাদ মাধ্যম দিবস, ২০২৫ উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রেস কাউন্সিল

অফ ইন্ডিয়া-র চেয়ারপার্সন বিচারপতি রঞ্জনা প্রকাশ দেশাই। সাংবাদিকদের শ্রী বৈষ্ণব বলেন, আমাদের গণতন্ত্রে সংবাদমাধ্যমের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি উল্লেখ করেন, কীভাবে ভুল তথ্য প্রতিরোধ করা যায় এবং সংবাদপত্রের বিশ্বাসযোগ্যতা রক্ষা করা যায়, সে ব্যাপারে গুরুত্ব আরোপ করেন। জাতীয় সংবাদ মাধ্যম দিবস উপলক্ষে তিনি সাংবাদিক ও গণমাধ্যমের কর্মীদের অভিনন্দন জানান।

Vice President-Telengana

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তুলার জন্য গণমাধ্যমকে জাতি গঠনের অংশ হওয়ার আহ্বান জানিয়েছেন। গতকাল হায়দ্রাবাদে প্রথম রামজি এক্সেলেন্স এওয়ার্ডস ২০২৫-প্রদান অনুষ্ঠানে তিনি বলেন, ভুল তথ্য এবং সোশ্যাল মিডিয়ার আধিপত্যের যুগে গণমাধ্যমকে অবশ্যই প্রকৃত সনিষ্ঠতা বজায় রাখতে হবে। বড় প্রতিষ্ঠান গুলি শুধুমাত্র বিনিয়োগ নয়, মূল্যবোধ, সততা, উৎকর্ষ এবং নিষ্ঠায় নির্মিত হয় বলে উল্লেখ করেন। পরে উপরাষ্ট্রপতি গ্রামীন উন্নয়ন এবং বিজ্ঞান ও প্রযুক্তির মত সাতটি ক্ষেত্রে রামজি এক্সেলেন্স অ্যাওয়ার্ড প্রদান করেন। এর আগে, তেলেঙ্গানার রাজ্যপাল জিফু দেববর্মা হায়দ্রাবাদের রাজভবনে উপরাষ্ট্রপতির সম্মানে একটি আনুষ্ঠানিক সংবর্ধনার আয়োজন করেন।

NIA-major arrest:

জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ) লাল কেলা গাড়ি বিস্ফোরণ মামলায় দিল্লি থেকে আমির রশিদ আলী নামে এক কাশ্মীরি বাসিন্দাকে গ্রেপ্তার করেছে। সংস্থার মতে, আমির রশিদ আত্মঘাতী বোমা হামলাকারী উমর নবীর সঙ্গে সন্ত্রাসী হামলা চালানোর ষড়যন্ত্র করেছিলেন, যেখানে ১০ জন নিরীহ মানুষ প্রাণ হারান এবং প্রায় ২৫ জন আহত হন। এন আই এ জানিয়েছে, হামলায় জড়িত গাড়িটি তার নামে নিবন্ধন করা ছিল। সন্ত্রাসবিরোধী সংস্থা নবীর মালিকানাধীন আরেকটি গাড়িও বাজেয়াপ্ত করেছে। মামলার প্রমানের জন্য গাড়িটি পরীক্ষা করা হচ্ছে। এনআইএ এখনো পর্যন্ত ৭৩ জন সাক্ষীকে জিজ্ঞাসাবাদ করেছে, যার মধ্যে বিস্ফোরনে আহত ব্যক্তিরও রয়েছে।

Science Fair:

পশ্চিম জেলা ভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান মেলা গতকাল সূর্যমনিগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের উদ্যোগে অনুষ্ঠিত এই মেলার উদ্বোধন করেন সাংসদ রাজীব ভট্টাচার্য। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি বিশ্বজিৎ শীল প্রমুখ।

আগামী ১২ জানুয়ারি দিনিতে জাতীয় যুব উৎসব ও বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হবে। এর আগে রাজ্যে জেলা ভিত্তিক ও রাজ্যস্তরীয় যুব উৎসব ও বিজ্ঞান মেলার আয়োজন করা হচ্ছে।

Central FM:

কেন্দ্রীয় সরকার সামাজিক মাধ্যমে প্রচারিত কেন্দ্রীয় অর্থমন্ত্রী সম্পর্কিত একটি ভিডিও খারিজ করে দিয়েছে। পি.আই.বি.-র ফ্যাক্ট চেক ইউনিট জানিয়েছে, ভিডিওটি জাল এবং এআই দিয়ে তৈরি করা হয়েছে। কেন্দ্রীয় সরকার, মাসিক সহজ আয়ের প্রতিশ্রুতি দিয়ে কোনো বিনিয়োগ প্রকল্প প্রচার করে নি। সরকার নাগরিকদের এই ধরনের জাল বিনিয়োগ প্রকল্পে যুক্ত না হওয়ার জন্য অনুরোধ জানিয়েছে এবং এই ধরনের কোনো লিঙ্ক ব্যবহার না করার পরামর্শ দিয়েছে।

Ranji Trophy:

ত্রিপুরা ও রেলওয়ের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা গতকাল থেকে গুজরাটের ভালসাদে শুরু হয়েছে। সর্দার প্যাটেল স্টেডিয়ামে টেসে জিতে রাজ্যদল প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেয় এবং প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৩৬ রান তুলতে সক্ষম হয়। দলের পক্ষে বিজয় শংকর ৪৪ ও বাবুল দে ৪২ রান করেন। জবাবে রেলওয়ে প্রথম ইনিংসে ২ উইকেট ১৪৯ রান হাতে নিয়ে দ্বিতীয় দিনের খেলা শুরু করবে।

Coach Bihar Trophy:

ত্রিপুরা ও হরিয়ানার মধ্যে কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলা গতকাল থেকে আগরতলায় শুরু হয়েছে। এম বি বি স্টেডিয়ামে টসে জিতে রাজ্যদল প্রথমে ফিল্ডিং করার সিদ্ধান্ত নেয়। ব্যাট করতে নেমে সফরকারী হরিয়ানা প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৭২ রান সংগ্রহ করে। জবাবে খেলতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে দিনের শেষে ৩ উইকেট হারিয়ে ৫৯ রান করে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭.৪ ডিগ্রী সেলসিয়াস।
